

সাড়ে ১২ হাজার প্রাথমিক বিদ্যালয়ে বন্ধ হলো ডাবল শিফট

অনলাইন ডেস্ক

০৬ জুন ২০২৪, ১২:১০ পিএম



দেশের সাড়ে ১২ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুই শিফটে পাঠদান বন্ধ করা হয়েছে। এসব বিদ্যালয় আগে দুই শিফটে চলত। গত ৩ জুন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ মিজানুর রহমান স্বাক্ষরিত অফিস আদেশ থেকে এ তথ্য জানা যায়। বন্ধ করা হয়েছে। ফলে এসব স্কুল এখন এক (সিঙ্গেল) শিফটে রূপান্তরিত হলো।

UNIBOTS

গত সোমবার প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ মিজানুর রহমান স্বাক্ষরিত অফিস আদেশ সূত্রে এ তথ্য জানা গেছে। সারাদেশে শিক্ষা কর্মকর্তাদের এ আদেশ বাস্তবায়নের নির্দেশ দেওয়া হয়েছে।

আদেশে বলা হয়, সারাদেশের ১২ হাজার ৫১৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়কে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে এক (সিঙ্গেল) শিফটে রূপান্তর করা হলো। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এসব বিদ্যালয়ে এক শিফটে পাঠদান কার্যক্রম চলবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অনুমোদন ছাড়া পরবর্তীকালে এসব সরকারি প্রাথমিক বিদ্যালয়কে পুনরায় দুই শিফটে রূপান্তর করা যাবে না।

২০২২ সালের ৩০ অক্টোবর দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয় এক পালায় চালানোর পরিকল্পনা কথা জানায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্যমতে, সারাদেশে সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে ৬৫ হাজার ৫৬৬টি। এগুলোতে শিক্ষার্থীর সংখ্যা ২ কোটি ৫ লাখ ৪৬ হাজার ৯১। শিক্ষক আছেন ৩ লাখ ৬২ হাজার ৭০৯ জন।